# মডেল টেস্ট-২

## বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর দাও:**

গোল-গোল-গোল চারিদিক হতে ওঠে কোলাহলকল,
জীবনের পণ, মরণের পণ, সব বাধা পায়ে দল।
গোল-গোল-গোল মোদের মেসের ইমদাদ হক কাজি,
ভাঙা দুটি পায়ে জয়ের ভাগ্য লুটিয়া আনিল আজি।
দর্শকদল ফিরিয়া চলিছে মহা-কলরব করে,
ইমদাদ হক খোঁড়াতে খোঁড়াতে আসে যে মেসের ঘরে।

**১ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখো:** ১ × ৫ = ৫

i. **চারদিকে কী শোনা যাচ্ছে?**
ক. হৈ চৈ খ. চিৎকার
গ. কোলাহল ঘ. আর্তনাদ

ii. **'কোলাহলকল' শব্দের অর্থ কী?**
ক. হট্টগোল খ. বিশৃঙ্খলা
গ. গোলমাল ঘ. ঝামেলাপূর্ণ

iii. **'মহা-কলরব' শব্দের অর্থ কী?**
ক. বিশৃঙ্খল খ. চেঁচামেচি
গ. হট্টগোল ঘ. গণ্ডগোল

iv. **দর্শকদল মহা-কলরব করে ফিরে যাচ্ছে কেন?**
ক. খেলায় হেরে গিয়েছে বলে
খ. খেলায় ইমদাদ আহত হয়েছে বলে
গ. খেলায় কোলাহলকল হচ্ছিল বলে
ঘ. খেলায় জিতে গিয়েছে বলে

v. **ইমদাদ হক কীভাবে দলকে খেলায় জয়ী করল?**
ক. জোরে বল মেরে খ. ভাগ্যকে জয় করে
গ. ভাঙা পায়ে গোল দিয়ে ঘ. ফন্দি করে বুদ্ধি খাটিয়ে

**২ নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো।** ১+২+২=৫

ক. ইমদাদ হক কাজির জীবনের পণ কী?
খ. খেলার সময় ইমদাদ হকের শারীরিক অবস্থা কেমন ছিল?
গ. চারদিক থেকে কাদের কোলাহলকল উঠছে? কেন?

Teachingbd.com

**৩** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫=৫

কোলাহল, মেস, বাঁধা, পণ, ভাগ্য।

**৪** প্রদত্ত কবিতাংশের মূলভাব লেখো। ৫

**প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো:**

ঢাকা শহরে দেখার মতো ঐতিহাসিক স্থানের মধ্যে লালবাগ কেল্লা, ছোট কাটরা, বড় কাটরা, হোসেনী দালান, আহসান মঞ্জিল অন্যতম। এসব দালানের বেশিরভাগ মুঘল আমলে তৈরি। বাংলার সুবাদার হিসাবে শায়েস্তা খাঁ দুইবার বাংলায় আসেন। সেসময় বাংলার রাজধানী ছিল ঢাকা। শায়েস্তা খাঁ সুশাসন প্রতিষ্ঠা করেছিলেন। তিনি বাংলার আইনশৃঙ্খলা উন্নয়নে অনেক কাজ করেন। তাঁর সময়ে টাকায় আট মণ চাল পাওয়া যেত। তার উল্লেখযোগ্য কাজ হলো ঢাকার লালবাগে 'লালবাগ কেল্লা' তৈরি। যুদ্ধের অস্ত্র রাখা আর সৈনিকদের থাকার কাজে এ কেল্লা ব্যবহার হতো। এখানে শায়েস্তা খাঁর কন্যা পরিবিবির মাজার রয়েছে। বর্তমানে এখানে একটি ছোট জাদুঘর তৈরি করা হয়েছে। দেশের মানুষের সাথে সাথে বিদেশিরাও ঐতিহাসিক এ কেল্লা দেখার জন্যে আসেন।

**৫** সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখো: ১×৫=৫

i. **শায়েস্তা খাঁ কোথাকার সুবাদার ছিলেন?**

ক. লালবাগের খ. বাংলার

গ. সোনারগাঁর ঘ. ভারতের

ii. **শায়েস্তা খাঁর সময় বাংলার রাজধানী কোথায় ছিল?**

ক. সোনারগাঁওয়ে খ. ঢাকায়

গ. কুমিল্লায় ঘ. নওগাঁয়

iii. **শায়েস্তা খাঁ শাসক হিসেবে কেমন ছিলেন?**

ক. অত্যাচারী খ. লোভী

গ. চমৎকার ঘ. ধূর্ত

iv. **প্রাচীন দালানের বেশিরভাগই মুঘল আমলে তৈরি কেন?**

ক. মুঘলরা শৌখিন ছিল বলে

খ. মুঘলরা দীর্ঘদিন শাসন করেছিল বলে

গ. মুঘলরা বিলাসী ছিল বলে

ঘ. মুঘলরা ধনী ছিল বলে

http://teachingbd.com

v. সবাই লালবাগ কেল্লা দেখতে আসে কেন?

ক. ঐতিহাসিক বলে  খ. বিশাল বলে

গ. পুরাতন বলে  ঘ. নতুন বলে

**৬** **নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করো:** ১×৫=৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| কেল্লা | দুর্গ, সেনানিবাস |
| যুদ্ধ | লড়াই |
| অন্যতম | অনেকের মধ্যে একজন |
| প্রতিষ্ঠা | স্থাপন, তৈরি |
| সৈনিক | ফৌজ |
| সুশাসন | উপযুক্ত বা নিরপেক্ষ শাসন |

ক. প্রত্যেক শাসকের —— প্রতিষ্ঠা করা উচিত।

খ. ঢাকার লালবাগে একটি —— আছে।

গ. স্বাধীনতার জন্য ১৯৭১ সালে বাংলাদেশে —— হয়েছিল।

ঘ. রকিব সাহেব একটি বিদ্যালয় —— করেন।

ঙ. সত্য কথা বলা আমার —— বৈশিষ্ট্য।

Teachingbd.com

**৭** **নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:** ৫×৩=১৫

ক. শায়েস্তা খাঁর সুশাসন সম্পর্কে যা জানো লেখো।

খ. সবাই লালবাগ কেল্লায় কেন যায় লেখো।

গ. লালবাগ কেল্লায় গেলে তুমি কী কী নিদর্শন দেখতে পাবে?

**৮** **যুক্তবর্ণ বিভাজন করে শব্দ তৈরি করো এবং বাক্য প্রয়োগ দেখাও:**

শ্র, জ্ঞ, ষ্ট, ঙ্ক, ত্র  ২×৫ = ১০

**৯** **বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখো:** ১×৫ = ৫

দেরি করার সময় নেই নদীর ঘাটে ওদের জন্য নৌকা নিয়ে বসে আসে অন্যরা দেরি করা চলবে না খাওয়া শেষ হলে রাহেলা বলে তোমরা আবার আসবে তো

**১০** **এককথায় প্রকাশ করো:** ১×৫=৫

ক. যা নিষেধ করা হয়েছে

খ. যা প্রয়োগ করা যায়

গ. গবেষণা করেন যিনি

ঘ. প্রয়োজন নেই এমন

ঙ. যার মূল্য নির্ধারণ করা যায় না

**১১** **নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখো:** ১×৫ = ৫

মৃদু; শুরু; প্রজ্বলন; সরল; গ্রাম।

**১২** **পাঠ্যবইয়ের কবিতা/ছড়া (যেকোনো অংশ থেকে ৬-৮ লাইন) পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখো:** ১০

বাদশাহ কহেন, 'সে দিন প্রভাতে
দেখিলাম আমি দাঁড়ায়ে তফাতে
নিজ হাতে যবে চরণ আপনি করেন প্রক্ষালন,
পুত্র আমার জল ঢালি শুধু ভিজাইছে ও চরণ।
নিজ হাতখানি আপনার পায়ে বুলাইয়া সযতনে
ধুয়ে দিল নাক কেন চরণ, বড় ব্যথা পাই মনে'।

ক. কবিতাংশটুকু তোমার পঠিত কোন কবিতার অংশ এবং উক্ত কবিতার কবির নাম কী? ২

খ. কবিতাংশটির ভাবার্থ লেখো। ৫

গ. বাদশাহ মনে বড় ব্যথা পেলেন কেন? ৩

**১৩** **মনে করো তুমি তোমার স্কুলের স্কাউট দলের সদস্য হতে চাও। এজন্য একটি আবেদন ফরম পূরণ করো।**

**শফিপুর মডার্ন স্কুল**
**স্কাউট সদস্য আবেদন ফরম**

ছবি

আবেদনকারীর নাম :
পিতার নাম :
মাতার নাম :
জন্মতারিখ :

http://teachingbd.com

জাতীয়তা :
লিঙ্গ :
উচ্চতা :
ওজন :
শ্রেণি :
শাখা :
রোল নং :
রক্তের গ্রুপ :
যে বিভাগের সদস্য হতে ইচ্ছুক : ☐ বয় স্কাউট ☐ কাব স্কাউট
প্রিয় শখ :

আবেদনকারীর স্বাক্ষর

পরিচালকের স্বাক্ষর

**১৪** মনে করো, তুমি গোবিন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা কর। তোমার ক্লাসের সবাই শিক্ষাসফরে যেতে চাও। এ বিষয়ে প্রধান শিক্ষকের অনুমতি চেয়ে একটি আবেদনপত্র লেখো। ৫

অথবা, মনে করো, তোমার নাম আরিফ/আরিফা। তোমার বন্ধুর নাম আবিদ/আবিদা। বড় হয়ে তুমি কী হতে চাও তা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখো।

**১৫** প্রদত্ত সংকেত অনুসারে যেকোনো একটি বিষয়ে রচনা লেখো: ১০

ক. জাতীয় পাখি দোয়েল [সূচনা, আকৃতি, প্রকৃতি, বাসস্থান, খাদ্য, বংশবিস্তার, উপসংহার]

খ. বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য [ভূমিকা, বনভূমি, সমুদ্র সৈকত, পার্বত্য অঞ্চল, গ্রাম বাংলা, ঋতুবৈচিত্র্য, উপসংহার]

গ. একজন বীরশ্রেষ্ঠ [ভূমিকা, জীবনবৃত্তান্ত, আত্মত্যাগ ও অবদান, উপসংহার]

ঘ. বর্ষাকাল [সূচনা, বৈশিষ্ট্য, প্রকৃতি, উপকারিতা, অপকারিতা, উপসংহার]

Teachingbd.com

http://teachingbd.com

# মডেল প্রশ্নপত্র ২ এর উত্তরমালা

**১** i. গ. কোলাহল; ii. গ. গোলমাল; iii. খ. চেঁচামেচি; iv. ঘ. খেলায় জিতে গিয়েছে বলে; v. গ. ভাঙা পায়ে গোল দিয়ে।

**২** ক. খেলায় জয়লাভ করাই ইমদাদ হক কাজির জীবনের পণ।

খ. খেলার সময় ইমদাদ হকের পা ভেঙে যায়। এজন্য সে খোঁড়াতে খোঁড়াতে মেসে ফিরে আসে।

গ. চারদিক থেকে দর্শকদের কোলাহল উঠছে। খেলার মাঠে গোল হওয়ার জন্য এ কোলাহলকল শোনা যায়।

**৩** কোলাহল — গোলমাল

মেস — বিভিন্ন ব্যক্তি চাঁদা দিয়ে যেখানে একত্রে থাকে

বাঁধা — ব্যাঘাত

পণ — প্রতিজ্ঞা

ভাগ্য — নিয়তি

**৪** খেলায় সব বাধা অতিক্রম করে জয় ছিনিয়ে আনা ফুটবল খেলোয়াড়দের জীবন-মরণের পণ। খেলোয়াড় ইমদাদ হক ভাঙা পায়ে গোল করেন। জয়ের আনন্দে দর্শকরা আনন্দ উল্লাস করে। ইমদাদ হক মেসের ঘরে খোঁড়াতে খোঁড়াতে ফেরেন।

**৫** i. খ. বাংলার; ii. খ. ঢাকায়; iii. গ. চমৎকার; iv. খ. মুঘলরা দীর্ঘদিন শাসন করেছিল বলে; v. ক. ঐতিহাসিক বলে।

**৬** ক. সুশাসন; খ. কেল্লা; গ. যুদ্ধ; ঘ. প্রতিষ্ঠা; ঙ. অন্যতম।

**৭** ক. শায়েস্তা খাঁ বাংলাদেশে সুশাসন প্রতিষ্ঠা করেছিলেন। তিনি আইনশৃঙ্খলার অনেক উন্নতি করেন। তাঁর সময়ে এক টাকায় আট মণ চাল পাওয়া যেত। তাঁর উল্লেখযোগ্য স্থাপত্যকর্মের মধ্যে লালবাগ কেল্লা অন্যতম। এখানে তাঁর মেয়ে পরিবিবির মাজার রয়েছে।

খ. লালবাগ কেল্লা একটি ঐতিহাসিক স্থান তাই সবাই লালবাগ কেল্লা দেখতে যায়।

মুঘল আমলে বাংলার রাজধানী ছিল ঢাকা। আর বাংলার সুবাদার নিযুক্ত হন শায়েস্তা খাঁ। তিনি এখানে সুশাসন প্রতিষ্ঠা করেছিলেন। তার সময়ে দেখার মতো অনেক স্থাপনা গড়ে ওঠে। লালবাগ

Teachingbd.com

কেল্লা তার মধ্যে অন্যতম। এর ভেতরে শায়েস্তা খাঁর কন্যা পরিবিবির মাজার রয়েছে। বর্তমানে এখানে একটি জাদুঘর তৈরি করা হয়েছে। এসব কারণে ঐতিহাসিক বিষয়ে কৌতূহলী হয়ে সবাই লালবাগ কেল্লায় যায়।

গ. লালবাগ কেল্লা সুবাদার শায়েস্তা খাঁর আমলে তৈরি। এখানে গেলে মোঘল আমলের স্থাপত্য সম্পর্কে ধারণা পাওয়া যাবে। মোঘল আমলের ব্যবহার্য কিছু জিনিসপত্র সম্পর্কে ধারণা পাওয়া যাবে। এছাড়া এখানে সৈনিকদের ব্যবহার্য অস্ত্র ও সরঞ্জাম চোখে পড়বে। এছাড়া এর ভেতরে শায়েস্তা খাঁর কন্যা পরিবিবির মাজার রয়েছে।

**৮** শ্র = শ্ + র ফলা ( ্র ) — তিনি একটি কারখানার শ্রমিক।
জ্ঞ = ঙ্ + গ — অসৎ সজ্ঞ ত্যাগ করব।
ষ্ট = ষ্ + ট — সৃষ্টিকর্তা সর্বশক্তিমান।
ঙ্ক = ঙ্ + ক — শিহাব অঙ্কে কাঁচা।
ত্র = ত্ + র-ফলা ( ্র ) — ত্রিশ লক্ষ প্রাণের বিনিময়ে আমরা স্বাধীনতা পেয়েছি।

**৯** দেরি করার সময় নেই। নদীরঘাটে ওদের জন্য নৌকা নিয়ে বসে আছে অন্যরা। দেরি করা চলবে না। খাওয়া শেষ হলে রাহেলা বলে, তোমরা আবার আসবে তো?

**১০** ক. নিষিদ্ধ, খ. প্রযোজ্য, গ. গবেষক, ঘ. অপ্রয়োজনীয়, ঙ. অমূল্য।

**১১** প্রবল; শেষ; নির্বাপণ; কুটিল; শহর।

**১২** ক. কবিতাংশটুকু আমার পঠিত 'শিক্ষাগুরুর মর্যাদা' কবিতার অংশ এবং উক্ত কবিতার কবির নাম কাজী কাদের নওয়াজ।

খ. বাদশাহ একদিন সকাল বেলা লক্ষ করলেন তাঁর পুত্র শিক্ষকের পায়ে পানি ঢালছে। আর শিক্ষক নিজ হাতে পা ধুয়ে নিচ্ছেন। পুত্র শিক্ষকের পা নিজ হাতে ধুয়ে দেয়নি বলে বাদশাহ খুব কষ্ট পেলেন।

গ. শিক্ষক পা ধোয়ার সময় বাদশাহ পুত্র কেবল পানি ঢালছিল। বাদশাহর মতে, তাঁর পুত্রের উচিত ছিল নিজ হাতে শিক্ষকের পা ধুইয়ে দেওয়া। অর্থাৎ শাহজাদা তার শিক্ষকের প্রতি যথাযথ শ্রদ্ধা প্রদর্শন করেননি বলে তিনি মনে করেছেন। তাই তিনি মনে বড় ব্যথা পেলেন।

http://teachingbd.com